

স্বাধীন

তারিখ ... ২৩-৩-৪৫..
পৃষ্ঠা... কলাম...

**ছাত্রীদের কাছে
নকল আছে
সন্দেহে—**

গাইবান্ধা, ২২শে মার্চ (নিজ
সংবাদদাতার তার)।-- গতকাল
সুন্দরগঞ্জ পরীক্ষা কেন্দ্রে কোন
পরিদর্শক তাদের দায়িত্ব পালন
করেননি। সুন্দরগঞ্জের মুন্সেফ
২ জন পরীক্ষাখিনীকে অপমান
করার প্রতিবাদে পরিদর্শকরা এ
ব্যবস্থা গ্রহণ করেন।

জানা গেছে যে, ১৯শে মার্চ
ইতিহাস পরীক্ষার দিন উক্ত
মুন্সেফ ফাইং গার্ড হিসেবে দুজন
ছাত্রীর কাছে নকল রয়েছে সন্দেহে
তাদের তল্লাশি করে এবং এক
পর্যায়ে ছাত্রীদের পোশাক বলে
ফেলতে বাধ্য করে। কিন্তু উক্ত
ছাত্রীদের কাছে কোন নকল
পাওয়া যায়নি।

উক্ত কেন্দ্রের পরিদর্শকরা এই
ঘটনার ব্যাপারে উপজেলা নির্বাহী
অফিসারের কাছে লিখিত অভি-
যোগ করেন এবং মুন্সেফকে
কেন্দ্র থেকে প্রত্যাহারের দাবী
জানান। কিন্তু ইউএনও এ ব্যাপারে
কোন ব্যবস্থা গ্রহণ না করতে পরি-
দর্শকরা এ ব্যবস্থা গ্রহণ করেন।

0 046